

গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

www.moedu.gov.bd

পরিপত্র

সংখ্যাঃ ৩৭.০৬৬.০১৮.০০.০৬.০৫.২০১০ -৩৩৮

তারিখঃ ২১.০৭.২০১০

**বিষয়ঃ** শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সকল প্রাথমিকোত্তর শিক্ষা প্রতিষ্ঠানের বার্ষিক জরিপের জন্য ছক অনুযায়ী তথ্য সরবরাহ।

ভিশন টুয়েন্টি টুয়েন্টি ওয়ান (vision-2021) এবং সহস্রাব্দের লক্ষ্যমাত্রা (MDG) অর্জনের লক্ষ্যে প্রণীত শিক্ষানীতি বাস্তবায়নের জন্য একটি সুষ্ঠু পরিকল্পনা প্রণয়ন একান্ত জরুরী। লক্ষ্যভেদী পরিকল্পনা প্রণয়নের জন্য নির্ভুল তথ্য অপরিহার্য। বিশ্বায়নের যুগে মানসম্পন্ন মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের জন্য শিক্ষাব্যবস্থা সংশ্লিষ্ট ব্যাপক ভিত্তিক তথ্য ভান্ডার প্রস্তুত ও হালনাগাদ করা দরকার।

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) দেশের শিক্ষা সেক্টরের সকল ধরনের প্রাথমিকোত্তর শিক্ষা প্রতিষ্ঠানের পরিসংখ্যান সংগ্রহ, সংকলন, বিন্যাস এবং বিতরণের জন্য প্রতিষ্ঠিত সরকারি সংস্থা। ব্যানবেইস সরকারের নীতি নির্ধারণ, বাজেট প্রণয়ন ও উন্নয়ন পরিকল্পনার জন্য চাহিদা মোতাবেক শিক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য-উপাত্ত সরবরাহ করে থাকে।

তথ্যভান্ডার তৈরী ও হালনাগাদ করার জন্য ব্যানবেইস বেইজলাইন সার্ভে এবং বার্ষিক হালনাগাদ জরিপের মাধ্যমে প্রতিষ্ঠান থেকে উপাত্ত সংগ্রহপূর্বক ডাটাবেজে ধারণ ও সংরক্ষণ করে থাকে। সংস্থাটি ১৯৭৭ সালে প্রতিষ্ঠার পর ১৯৮৪, ১৯৯৩, ১৯৯৯ এবং সর্বশেষ ২০০৮ সালে বেইজলাইন সার্ভে এবং ২০০১, ২০০৩, ২০০৫, ২০০৯ এ বার্ষিক জরিপ পরিচালনা করেছে। লক্ষ্য করা গেছে জরিপের জন্য তথ্য সরবরাহের বিষয়টি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ, মাঠ পর্যায়ের অফিস (জেলা শিক্ষা অফিস এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস) যথাযথ গুরুত্বের সাথে গ্রহণ না করায় নির্ধারিত সময়ের মধ্যে জরিপ ফরম পূরণ কার্যক্রম সমাপ্ত করা সম্ভব হয়না। এর ফলে জরিপ কার্যক্রম বিঘ্নিত হয়। এ অবস্থা কাংখিত নয়। শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত সঠিক ও হালনাগাদ তথ্য সংগ্রহের লক্ষ্যে ২০১০ সালের জন্য নতুন করে জরিপ কর্মসূচী গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে নিয়ে বর্ণিত বার্ষিক জরিপ ক্যালেন্ডার (Annual Survey Calendar) অনুযায়ী তথ্য সংগ্রহের সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

ক্রঃ নং	কাজের ধরণ	সময়কাল	বাস্তবায়নের দায়িত্ব
১	৬৪ জেলা শিক্ষা অফিসে জরিপ ফরম প্রেরণ	২২ জুলাই	ব্যানবেইস
২	শিক্ষা প্রতিষ্ঠানে জরিপ ফরম প্রেরণ	৮ আগস্ট	জেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
৩	পূরণকৃত ফরম উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে প্রেরণ	২৪ আগস্ট	শিক্ষা প্রতিষ্ঠান প্রধান
৪	পূরণকৃত ফরম যাচাই করে স্বাক্ষরপূর্বক জেলা শিক্ষা অফিসে প্রেরণ	৩০ আগস্ট	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার /দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা
৫	পূরণকৃত ফরম স্বাক্ষরপূর্বক ব্যানবেইস এ প্রেরণ	১০সেপ্টেম্বর	জেলা শিক্ষা অফিসার

